**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্ক স্টেট জুড়ে 100,000 একরেরও বেশি কৃষিজমি সুরক্ষিত করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***এই মাইলফলক নিউ ইয়র্কের কৃষিজমি সুরক্ষা কর্মসূচির সফলতা ও নমনীয়তার উপর আলোকপাত করছে***

***আনুমানিক 370টি খামারে 107,000 একরেরও বেশি কৃষিজমি ভবিষ্যত উন্নয়ন প্রকল্প থেকে সুরক্ষিত রাখা হয়েছে***

***এই কর্মসূচির পরবর্তী রাউন্ডের জন্য নির্বাহী বাজেটে আরো 21 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার প্রস্তাব করা হয়েছে***

ধরিত্রী সপ্তাহ উদযাপনের সময়ে, আজ গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এটির কৃষিজমি সুরক্ষা বাস্তবায়ন অনুদান কর্মসূচির (Farmland Protection Implementation Grants Program) মাধ্যমে মূল্যবান ও ঝুঁকিতে থাকা কৃষিজমি সুরক্ষিত রাখার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছেছে। এই মাসে, FPIG কর্মসূচি আনুমানিক 370টি খামারে মোট 250 মিলিয়ন ডলারেরও বেশি ব্যবহার করে সম্পন্ন হওয়া কনজার্ভেশন ইজমেন্ট প্রকল্পগুলোর মাধ্যমে নিউ ইয়র্কের 107,000 একরেরও বেশি কৃষিজমি সংরক্ষণ করতে সাহায্য করেছে। এই মাইলফলক গত বছরে গভর্নরের স্বাক্ষর করা আইনের সঙ্গে যোগ হচ্ছে যেখানে 2030 সালের মধ্যে যুক্তরাষ্ট্রের ভূমি ও জলাশয়ের কমপক্ষে 30 শতাংশ সংরক্ষণ করতে জাতীয় প্রচেষ্টায় সহায়তা করা ও অবদান রাখার লক্ষ্য নির্ধারণ করেছিল।

"নিউ ইয়র্কের কৃষকদেরকে সহায়তা করার বিষয়টি তারা স্টেটজুড়ে কমিউনিটিগুলোর জন্য খাবারের যোগান দিতে যে কৃষিজমি ব্যবহার করেন তা সুরক্ষিত রাখার মাধ্যমে শুরু হয়," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কের কৃষিজমি সুরক্ষা কর্মসূচির মাধ্যমে, আমরা এমন ভূমি সংরক্ষণ করছি যা বর্তমানে নিউ ইয়র্কবাসীদের খাদ্য নিরাপত্তা প্রদান করবে এবং আগামীতে ভবিষ্যত প্রজন্মের কৃষকদেরকে শক্তিশালী করবে। আমার প্রশাসন নিউ ইয়র্কের কৃষকদের চাহিদা পূরণ করা অব্যাহত রাখা এবং আমাদের কৃষি শিল্পের দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

লিভিংস্টন কাউন্টির অ্যাভনে অবস্থিত চতুর্থ প্রজন্মের ডেইরি ফার্ম এবং লিভিংস্টন কাউন্টিতে কৃষিজমি সুরক্ষা কর্মসূচি ব্যবহার করা প্রথম ফার্ম, মুলিগান ফার্মে কৃষি খাতের অংশীদার এবং স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে নিয়ে, স্টেটের কৃষি কমিশনার রিচার্ড বল আজকের ঘোষণাটি প্রদান করেন। কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) FPIG কর্মসূচির মাধ্যমে মুলিগান ফার্মকে 2008 সালে 1.3 মিলিয়ন ডলার এবং 2021 সালে 1.5 মিলিয়ন ডলার প্রদান করেছে, যার ফলে সাতটি কনজার্ভেশন ইজমেন্ট লিভিংস্টন কাউন্টির অ্যাভনে এবং মনরো কাউন্টির রাশ-এ মোট 1,800 একর জমি ভবিষ্যতের উন্নয়ন প্রকল্প থেকে সুরক্ষিত হয়েছে। কনজার্ভেশন ইজমেন্টগুলো গিনিস ভ্যালি কনজার্ভেন্সির (Genesee Valley Conservancy) সহায়তায় সম্পন্ন হয়েছে। মুলিগান ফার্ম হচ্ছে গিনিস ভ্যালি কনজার্ভেন্সির সম্পন্ন করা প্রথম কনজার্ভেশন ইজমেন্ট এবং সবচেয়ে সম্প্রতি সম্পন্ন হওয়া কনজার্ভেশন ইজমেন্টগুলোর মধ্যে একটি।

শুধুমাত্র লিভিংস্টন, মনরো ও ওয়াইমিং কাউন্টিতেই, FPIG কর্মসূচি এবং গিনিস ভ্যালি কনজার্ভেন্সির অংশীদারিত্বের মাধ্যমে 19টি ফার্মের 18,750 একর জমি সুরক্ষিত হয়েছে। আরো 11,000 একর জমি সুরক্ষিত হওয়া মুলতবি রয়েছে। এখন পর্যন্ত, এই এলাকায় কর্মসূচিটির মোট 55 মিলিয়ন ডলারের অনুদান বিনিয়োগ করা বা অঙ্গীকার করা হয়েছে।

**স্টেটের কৃষি ও বাজার বিভাগের কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "মুলিগান ফার্ম এবং গিনিস ভ্যালি কনজার্ভেন্সির সঙ্গে অংশীদারিত্বের সফলতা আমাদের কৃষিজমি সুরক্ষা কর্মসূচির কথা আসলে আমরা যেসব চমৎকার গল্প বলতে পারি সেগুলোর মধ্যে একটি মাত্র। এই কর্মসূচির সফলতার সুবাদে, স্টেটজুড়ে আনুমানিক 370টি ফার্ম আমাদের কমিউনিটিগুলোর জন্য তাজা, স্বাস্থ্যকর খাবার সরবরাহ করতে এবং আমাদের অর্থনীতিতে অবদান রাখতে অব্যাহতভাবে কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। আমাদের ল্যান্ড ট্রাস্ট এবং ল্যান্ড কনজার্ভেন্সিগুলোর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে, এই উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছানোর জন্য আমরা যে কাজ সম্পন্ন করেছি তা নিয়ে আমি গর্বিত এবং পরবর্তী 100,000 একর সামাল দেওয়ার জন্য আমরা প্রস্তুত আছি।"

স্টেটের আনুমানিক 20 শতাংশ জমি, অথবা প্রায় 7 মিলিয়ন একর জায়গা হচ্ছে কৃষিজমি। ডিপার্টমেন্টের কৃষি জমি সুরক্ষা প্রকল্প (Farmland Protection Program) কাউন্টি, মিউনিসিপ্যালিটি, মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্ট, এবং ল্যান্ড ট্রাস্টগুলোকে স্থানীয় কৃষি এবং কৃষি জমি সুরক্ষা পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ কৃষি জমি সুরক্ষার ক্রিয়াকলাপ বাস্তবায়নের সক্ষমতা দিতে আর্থিক সহায়তা প্রদান করে। সবচেয়ে ঘন ঘন অর্থায়ন করা কার্যক্রম হচ্ছে স্বতন্ত্র খামারসমূহে উন্নয়ন অধিকার ক্রয়। তবে, এই কর্মসূচি অন্যান্য ক্রিয়াকলাপ বাস্তবায়নের সক্ষমতা তৈরি করতে ল্যান্ড ট্রাস্ট ও ল্যান্ড কনজার্ভেন্সিগুলোকেও অনুদান প্রদান করে থাকে, যেসব ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে কৃষি খাতকে প্রভাবিত করা স্থানীয় আইন সংশোধন, বিকল্প চুক্তি, এবং দানকৃত কৃষি কনজার্ভেশন ইজমেন্টের লেনদেনের খরচ বহন করা।

গভর্নর হোকলের ঘোষণা করা স্টেটের কৃষিজমি সুরক্ষা কর্মসূচির সবচেয়ে সাম্প্রতিক রাউন্ড, রাউন্ড 18-তে এই কর্মসূচির উপযুক্ততা এবং মনোযোগের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ সমন্বয় সাধন করা হয়েছে। সর্বকালের জন্য প্রথমবার, এমন প্রকল্পগুলিকে পুরস্কৃত করা হয়েছিল যা

খাদ্য নিরাপত্তা, জলবায়ু স্থিতিস্থাপকতা এবং উৎসের জল সুরক্ষা সহ রাজ্যের শীর্ষ অগ্রাধিকারগুলিকে সমর্থন করে। সেইসাথে, কৃষি-বনায়ন, অশ্ব-সংক্রান্ত, ও ওয়াইন খাতকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে, নিউ ইয়র্কের বৈচিত্র্যময় কৃষি শিল্পের প্রতিফলন ঘটানোর জন্য এই কর্মসূচির উপযুক্ততার শর্ত সম্প্রসারণ করা হয়েছে। ইতোপূর্বে, ডেইরি ফার্মগুলোকে তাদের কার্যক্রমে বৈচিত্র্য নিয়ে আসার অথবা তাদের ফার্মকে অধিকতর সাশ্রয়ী ব্যয়ে পরবর্তী প্রজন্মে উত্তরণের সুযোগ দেওয়ার পাশাপাশি উক্ত ভূমি যেন চিরদিনের জন্য কৃষিকাজে ব্যবহারের উদ্দেশ্যে থেকে যায় তা নিশ্চিত করতে, স্টেট দুগ্ধখাতের উত্তরণে কৃষি জমি সুরক্ষা উদ্যোগ (Dairy Transitions Farmland Protection Initiative) চালু করেছিল। সেইসাথে, খামারের অন্যান্য ধরনের কার্যক্রমের জন্য - যেগুলো বাণিজ্য নীতিমালা বা জলবায়ু পরিবর্তনের প্রভাবের দ্বারা চ্যালেঞ্জের সম্মুখীন হয় - বৈচিত্র্য নিয়ে আসার অথবা পরবর্তী প্রজন্মের কাছে মালিকানা হস্তান্তর করার একই সুযোগ প্রদান করতে, পরবর্তীতে স্টেট খামারের কার্যক্রম উত্তরণে কৃষি জমি সুরক্ষা উদ্যোগ (Farm Operations in Transition Farmland Protection Initiative) চালু করেছিল।

গভর্নরের নির্বাহী বাজেটে কৃষিজমি সুরক্ষা কর্মসূচির জন্য অর্থায়ন অব্যাহত রাখতে পরিবেশ সুরক্ষা তহবিলের মাধ্যমে 21 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

**স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন,** "জলবায়ু সংকটের ফলে আমাদের পরিচিত কৃষির চেহারা পরিবর্তন হয়ে যাওয়ার এই সময়ে, নিউ ইয়র্কের জন্য স্থানীয় কৃষিজমি সুরক্ষিত রাখা এবং আমাদের অঞ্চলের জন্য একটি স্থিতিশীল খাদ্য সরবরাহ নিশ্চিত করা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কৃষিজমি সুরক্ষা বাস্তবায়ন অনুদান কর্মসূচি একটি চমৎকার বিনিয়োগ, এবং ঝুঁকিতে থাকা কৃষিজমি সুরক্ষিত রাখার ক্ষেত্রে নিউ ইয়র্ক এই উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছেছে দেখা আমি রোমাঞ্চিত। কৃষিজমি সংরক্ষণকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোকল, কৃষি ও বাজার বিভাগ, এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে আমাদের সব স্থানীয় অংশীদারকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন,** "নিউ ইয়র্কের কৃষিজমি সুরক্ষা কর্মসূচি কৃষিজমিতে উৎপাদন অব্যাহত রাখছে এবং কৃষকদেরকে মাঠে রাখতে সাহায্য করছে। 100,000 একর জমি সুরক্ষিত রাখার এই মাইলফলক NY-এর কৃষি অর্থনীতির উপর আমরা যে গুরুত্ব আরোপ করি তার উপর আলোকপাত করছে। এই প্রচেষ্টা এখন পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার ক্ষেত্রে কৃষকরা যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তা স্বীকার করে নিয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনে সহায়তা করছে, যেমন খাদ্য নিরাপত্তা, জলবায়ু সহনশীলতা, এবং পানিসম্পদের সুরক্ষা, ইত্যাদি।"

**গিনিস ভ্যালি কনজার্ভেন্সির এক্সিকিউটিভ ডিরেক্টর বেঞ্জামিন গ্যাজেউইস্কি বলেন,** "স্টেটের কৃষিজমি সুরক্ষা বাস্তবায়ন অনুদান কর্মসূচি গিনিস ভ্যালির সবচেয়ে সেরা ও সবচেয়ে উৎপাদনশীল কিছু কৃষিজমি সুরক্ষিত রাখাকে সম্ভব করে তুলেছে। 100,000 একর জায়গা সুরক্ষিত রাখা নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি বিশাল মাইলফলক, কিন্তু এখনো অনেক কাজ করার বাকি রয়ে গেছে। আমাদের স্থানীয় ভূমির জন্য বহুমুখী হুমকি বিদ্যমান রয়েছে; এই কৃষিজমি সুরক্ষা কর্মসূচি আমাদের কমিউনিটিগুলো যাতে স্থানীয় কৃষিকাজে সহায়তা এবং

বর্তমান ও ভবিষ্যতের চাহিদা পূরণের জন্য খাদ্য উৎপাদন করার জন্য প্রয়োজনীয় উৎপাদনশীল জমির অ্যাক্সেস পায় তা নিশ্চিত করতে আমাদেরকে লড়াই করার একটি সুযোগ দিচ্ছে।"

**আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট নিউ ইয়র্ক (American Farmland Trust New York)-এর পলিসি ম্যানেজার মিকায়েলা পেরি বলেন,** "আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট নিউ ইয়র্কের দ্বারা নিউ ইয়র্কের অপ্রতিস্থাপনযোগ্য 100,000 একর কৃষিজমি সুরক্ষিত রাখার মাইলফলক অর্জন করাকে, যার 50 শতাংশ জাতীয়ভাবে গুরুত্ব রাখে, আমাদের স্টেটের কৃষি খাতের ভবিষ্যতের জন্য এবং স্থানীয় খাবার ও ফাইবার, উন্নত মাটি, বায়ু ও পানির গুণমান, এবং শক্তিশালী স্থানীয় অর্থনীতি উপভোগ করে এমন সবার জন্য একটি অসাধারণ জয় হিসেবে উদযাপন করছে। আমরা গভর্নর হোকলকে এবং স্টেটের আইনসভা, কৃষি ও বাজার বিভাগ, নিউ ইয়র্কের ল্যান্ড ট্রাস্টগুলো এবং কৃষকদেরকে ধন্যবাদ জানাই যারা ভবিষ্যত প্রজন্মের জন্য কৃষিজমি সংরক্ষণ করতে এই অঙ্গীকার করেছে।"

**নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন,** "নিউ ইয়র্ক স্টেটে কৃষিজমি সুরক্ষিত রাখা কৃষিকাজ ও খাদ্য নিরাপত্তার অব্যাহত সাফল্য নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের স্টেটের কৃষিজমি সুরক্ষা কর্মসূচি এটির মিশনে নজিরবিহীন ভূমিকা পালন করছে এবং 100,000 একর কৃষিজমি সুরক্ষিত রাখা সত্যিকার অর্থেই পরিবেশগত দিক থেকে অর্জিত একটি মাইলফলক। আমি ভবিষ্যতে আরো 100,000 একর কৃষিজমি সুরক্ষিত হতে দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন